

যদি তারে নাই চিনি গো সে কি আমায় নেবে চিনে
 এই নব ফাল্গুনের দিনে— জানি নে জানি নে ॥
 সে কি আমার কুঁড়ির কানে কবে কথা গানে গানে,
 পুরান তাহার নেবে কিনে এই নব ফাল্গুনের দিনে—
 জানি নে, জানি নে ॥

সে কি আপন রঙে ফুল রাঙাবে ।

সে কি মর্মে এসে ঘুম ভাঙাবে ।

ঘোমটা আমার নতুন পাতার হঠাৎ দোলা পাবে কি তার ।

গোপন কথা নেবে জিনে এই নব ফাল্গুনের দিনে—

জানি নে, জানি নে ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Teyora, Raag: Khambaj-Pilu

Visit www.geetabitan.com for notation and other detail